

লাইন ডাইরেক্টরের কার্যালয়

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)

কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি)

বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

ফোন : ০২-২২২২৮০৭৪৫ এবং ফ্যাক্স : ০২-২২২২৮২৯০০।

ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাসন/জি ডি/৭০/২০২৩/

তারিখঃ ২৪/০২/২০২৫ ইং

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন একটি অপারেশনাল প্ল্যান। গ্রামীণ জনগণের দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠিত কমিউনিটি ক্লিনিকসমূহ এই প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত হচ্ছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা-১২১২ এর প্রধান কার্যালয়ের নাম, ঠিকানা ও লোগো ব্যবহার করে কিছু সংখ্যক অসাধু ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রতারণামূলকভাবে ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তি ও নিয়োগপত্র ইস্যু করে আসছেন।

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের আওতায় বিগত বছর বা বর্তমান বছরে কোন নিয়োগ কার্যক্রম ছিলো না বা বর্তমানেও নেই। বিভিন্ন মাধ্যমে কমিউনিটি ক্লিনিক নামে বিভিন্ন প্রতিষ্ঠান যে সকল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বা করছে সবই ভূয়া। কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের আওতায় কোন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে তা স্বাস্থ্য অধিদপ্তর ও কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের ওয়েব সাইটে (www.communityclinic.portal.gov.bd) প্রকাশ করা হবে। একই সাথে উক্ত বিজ্ঞপ্তি সকল সিভিল সার্জন কার্যালয় ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নোটিশ বোর্ডেও প্রদর্শন করা হবে।

৩০৮/-

(ডাঃ মুহাম্মদ হাবিবুর রহমান)

লাইন ডাইরেক্টর

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)

কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট সিসিএইচএসটি।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাসন/জি ডি/৭০/২০২৩/ ২০৬/১ (২০)

তারিখঃ ২৪/০২/২০২৫ ইং

অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টি বোর্ড, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
- সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
- ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
- অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ রেঞ্জ (সংশ্লিষ্ট সকল দপ্তরে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- অতিরিক্ত মহাপরিদর্শক, পিবিআই, ধানমন্ডি, ঢাকা।
- অতিরিক্ত মহাপরিদর্শক, সিআইডি, মালিবাগ, ঢাকা।
- বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য),.....(সকল বিভাগ) (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
- উপসচিব, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
- পুলিশ সুপারিন্টেন্ডেন্ট, জেলা স্পেশালব্রাঞ্চ,(সকল জেলা) (সংশ্লিষ্ট সকল দপ্তরে বহুল প্রচারের অনুরোধসহ)।
- সিভিল সার্জন,.....(সকল জেলা) (সংশ্লিষ্ট সকল দপ্তরে বহুল প্রচারের অনুরোধসহ)।
- প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
- ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
- সহকারী সচিব, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
- সভাপতি/সেক্রেটারী, জাতীয় প্রেসক্লাব, শাহবাগ, ঢাকা (সকল পত্রিকা সম্পাদকগণকে এ ধরনের বিজ্ঞপ্তি প্রকাশের ব্যাপারে সতর্কতা অবলম্বনের অনুরোধসহ)।
- বার্তা সম্পাদক, প্রথম আলো পত্রিকা, ১৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
- উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল উপজেলা) (উপজেলা পরিষদ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,.....(সকল উপজেলা) (সংশ্লিষ্ট সকল দপ্তরে বহুল প্রচারের অনুরোধসহ)।
- অফিসার ইনচার্জ (ওসি).....(সকল থানা)।
- হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
- অফিস কপি।

(ডাঃ মুহাম্মদ হাবিবুর রহমান)

লাইন ডাইরেক্টর

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)

কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট সিসিএইচএসটি।